সেট: খ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা – ২০১৮

শ্রেণিঃ নবম

বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (বহুনির্বাচনি) বিষয় কোড: | ১ | ৫ | ৩ |

সময়: ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য:- সরবরাহকৃত বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১। মিনহাজ-উস-সিরাজের সাহিত্য কর্ম কোনটি?
ক) আইন-ই আকবরী
খ) তবকাত-ই-নাসিরী
গ) রাজতরঙ্গিনী
ঘ) অর্থশাস্ত্র

২। ইতিহাস সব সময়-
i) সত্যকে নির্ভর
ii) কাহিনী সমর্থিত
iii) কোন ঘটনার বৈজ্ঞানিক ও ধারাবাহিক বর্ণনা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩। নরসিংদীর প্রত্নতত্ত্ব কোন ধরনের উপাদান?
ক) লিখিত খ) অলিখিত
গ) লিখিত ও অলিখিত ঘ) গুরুত্বপূর্ণ

৪। ইতিহাসকে শিক্ষণীয় দর্পণ বলার কারণ কি?
ক) অতীত থেকে শিক্ষা নেয়
খ) দৃষ্টান্তের মাধ্যমে শিক্ষা দেয়
গ) সত্য ঘটনাকে লিপিবদ্ধ করে
ঘ) উপাদানের মাধ্যমে শিক্ষা দেয়

৫। মিশরীয় সভ্যতা আফ্রিকার কোন অঞ্চলে অবস্থিত?
ক) উত্তর খ) উত্তর-পূর্ব
গ) উত্তর-পশ্চিম ঘ) মধ্য

৬। সোমপুর বিহার নির্মিত হয় কোন শতকে?
ক) সপ্তম খ) অষ্টম
গ) নবম ঘ) দশম

৭। কোন সম্রাটের রাজত্বকালে যীশু খ্রীস্টের জন্ম হয়?
ক) মার্ক এন্টনি
খ) লেপিডাস
গ) রোমিওলাস
ঘ) অগাস্টাস সিজার

৮। মমি কি?
ক) ফারাওদের দেহ
খ) যোদ্ধাদের দেহ
গ) ধর্মীয় নেতাদের দেহ
ঘ) মূর্তি

৯। স্ফিংকস কিসের প্রতীক?
ক) রাজার খ) প্রজার
গ) শক্তির ঘ) যোদ্ধার

১০। বিজ্ঞান সম্মত ইতিহাসের জনক কে?
ক) হেরোডোটাস
খ) লিওপোল্ড ফন র‍্যাংক
গ) থুকিডাইডিস
ঘ) জনসন

১১। মিশরীয়রা বেশী প্রভাবিত ছিল কিসের দ্বারা?
ক) ধর্মের খ) শিল্পের
গ) ফারাও ঘ) ভাস্কর্যের

অনুচ্ছেদটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:
রাইসা তার ভাইয়ের সাথে টিভি দেখছিল। সে দেখল যে,ত্রিভুজ আকৃতির এক প্রকার সৌধ বিভিন্ন দেশের লোকজন পরিদর্শন করছে। সে মনে করলো এত পুরানো দিনের স্থাপত্য ইতিহাসে সত্যিই বিরল।

১২। রাইসার দেখা সৌধটির সাথে ইতিহাসের কিসের মিল দেখা যায়?
ক) মন্দির খ) প্রসাশনিক ভবন
গ) পিরামিড ঘ) স্ফিংকস

১৩। সৌধগুলি ইতিহাসে বিরল কেন?
ক) উচু বলে
খ) স্থাপত্য শৈলী ও স্থায়ীত্বের কারণে
গ) পুরানো বলে
ঘ) সহজে দেখা যায় বলে

১৪। রোমান সম্রাটরা খ্রিস্ট ধর্মের বিরোধিতা করতেন কেন?
ক) নতুন ধর্ম বলে
খ) ঈশ্বরকে পূজা করত না বলে
গ) সম্রাটকে পূজা করত না বলে
ঘ) নাস্তিক থাকার কারণে

অনুচ্ছেদটি পড় এবং ১৫ নং প্রশ্নের উত্তর দাও:
কিছু দিন পূর্বে ঢাকায় শেষ হল বাংলাদেশ গেমস। এতে বিভিন্ন জেলার ক্রীড়াবিদরা অংশগ্রহণ করে এবং একটি মিলনাত্মক পরিবেশের সৃষ্টি হয়।

১৫। বাংলাদেশ গেমস প্রাচীন কোন খেলার সাথে সামঞ্জস্যপূর্ণ?
ক) কাবাডি খ) অলিম্পিক
গ) ফুটবল বিশ্বকাপ ঘ) বিশ্বকাপ ক্রিকেট

১৬। আধুনিক সিলেট প্রাচীন কোন জনপদের অংশ ছিল?
ক) চন্দ্রদ্বীপ খ) বরেন্দ্র
গ) পুন্ড্র ঘ) হরিকেল

১৭। প্রাচীন বাংলায় কোন রাজনৈতিক ঐক্য ছিল না কেন?
ক) আধিপত্য বিস্তার খ) যোগাযোগের অভাব
গ) সচেতনতা ঘ) বিদেশিদের প্রভাব

১৮। খড়্গ বংশের রাজধানী কোথায় ছিল?
ক) কর্মান্ত-বাসক
খ) বর্ধমানপুর
গ) ময়নামতি
ঘ) বিক্রমপুর

১৯। কাকে সেন বংশের প্রথম রাজার মর্যদা দেয়া হয়?
ক) সামন্ত সেন খ) হেমন্ত সেন
গ) বিজয় সেন ঘ) বল্লাল সেন

২০। গোপালের সিংহাসন আরোহণের মধ্য দিয়ে শেষ হয়-
i) অরাজকতা
ii) চুরি ডাকাতি
iii) অশান্তির
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

অনুচ্ছেদটি পড় এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:

মিতা রমজানের ছুটিতে বাবার সাথে কক্সবাজারে ঘুরতে যায়। সেখানে একটি মন্দিরে সে কিছু মস্তক মুন্ডিত লোকজন ঘুরতে দেখে। সে মনে করে ইতিহাসে এমন একজন রাজা ছিল যে দেশের বিভিন্ন স্থানে এ রকম মন্দির নির্মান করেন এবং সেগুলোর রক্ষণাবেক্ষণের ব্যয় ভার বহন করেন। তিনি অন্য ধর্মের প্রতিও সহনশীল ছিলেন।

২১। মিতা কোন শাসকের প্রতি ইঙ্গিত করেছে?

ক) গোপাল খ) ধর্ম পাল

গ) দেব পাল ঘ) প্রথম মহিপাল

২২। উক্ত শাসকের সহনশীলতার পরিচয় পাওয়া যায়-

i) মন্ত্রী নিয়োগে

ii) হিন্দু মন্দিরে জমিদানে

iii) নিজ ধর্মের পৃষ্ঠপোষকতায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩। পাল রাজাদের পতনের মূল কারণ কি?

ক) দুর্বল শাসক

খ) অভ্যন্তরীণ দ্বন্দ্ব

গ) অর্থনৈতিক সমস্যা

ঘ) বিদেশী আক্রমণ

২৪। কোন পাল রাজা শিক্ষা ক্ষেত্রে বেশী অবদান রাখেন?

ক) রাম পাল খ) ধর্ম পাল

গ) দেব পাল ঘ) প্রথম মহিপাল

২৫। যুগ সন্ধিক্ষণের রাজা কে ছিলেন?

ক) বিজয় সেন খ) বল্লাল সেন

গ) লক্ষণ সেন ঘ) কেশব সেন

অনুচ্ছেদটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:

ফাল্গুন মাসে রবি তার মামার বিয়েতে বরযাত্রী গেল। তার মামীকে পালকীতে করে নিয়ে আসলো। মামীকে তারা অনেক সোঁনার গহনা ও দামী শাড়ি দিয়েছে।

২৬। রবির মামার বিয়ে কোন যুগের প্রতিনিধিত্ব করছে?

ক) আধুনিক যুগ খ) মধ্যযুগ

গ) প্রাচীনযুগ ঘ) নতুনযুগ

২৭। রবির মামা প্রাচীন বাংলার কোন শ্রেণীর প্রতিনিধিত্ব করে?

ক) নিম্নবিত্ত খ) মধ্যবিত্ত

গ) উচ্চবিত্ত ঘ) নিম্ন মধ্যবিত্ত

২৮। মিশর কোন সাগরের উপকূলে আবস্থিত?

ক) আরবসাগর খ) ভূমধ্যসাগর

গ) লোহিতসাগর ঘ) বঙ্গোপসাগর

২৯। পূজা পদ্ধতিতে কাদের দান বেশী?

ক) আর্যদের খ) বৌদ্ধদের

গ) ব্রাহ্মণদের ঘ) নৃ-গোষ্ঠীর

অনুচ্ছেদটি পড় এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাও:

দিদিমা নিহানকে শুক্রবার দক্ষিণ দিকে যেতে নিষেধ করেছেন। কারণ হিসাবে তিনি বললেন আজ দক্ষিণ যাত্রায় দিকশূল।

৩০। নিহানের দিদিমার নিষেধে কিসের প্রভাব বিদ্যমান?

ক) তিথির খ) ধর্মীয়

গ) প্রথার ঘ) পঞ্জিকার প্রভাব

সেট: খ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০১৮

শ্রেণি: নবম

বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (সৃজনশীল) বিষয় কোড: | ১ | ৫ | ৩ |

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য: ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দিতে হবে। যেকোন **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। দৃশ্য-১: আবীর ৯ম শ্রেণির ছাত্র। সে তার বাবার সাথে খানজাহান আলীর মাজার দেখতে বাগেরহাট যায়। সেখানে জাদুঘরে সে প্রাচীন আমলের বিভিন্ন প্রকার থালা বাসন,মুদ্রা,অলংকার দেখতে পায়। বিভিন্ন প্রকার পাথর এবং তাতে খোদাই করা অনেক জীব জন্তুর ছবিও দেখতে পায়।

দৃশ্য-২: সীমা ও নীলা দুই বোন । তারা ২১শে বই মেলায় ঘুরতে যায়। নীলা সেখান থেকে গল্পের বই সহ অন্যান্য উপন্যাস ক্রয় করে। সীমা আমাদের মুক্তিযুদ্ধ এবং বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনীসহ অন্যান্য ইতিহাস বই সংগ্রহ করে। তাদের বাবা নীলাকে অনুসরণ করার জন্য সীমাকে পরামর্শ দেয়।

ক) আধুনিক ইতিহাসের জনক কাকে বলা হয়? ১

খ) ‘ইতিহাস গতিশীল এবং বহমান’ –বলতে কি বুঝায় ? ২

গ) আবীরের দেখা জিনিষপত্র ইতিহাসের কোন ধরনের উপাদানকে প্রতিনিধিত্ব করে আলোচনা কর । ৩

ঘ) ‘সীমার মানসিকতা দেশ প্রেমকে উদ্বুদ্ধ করে’- বিশ্লেষণ কর। ৪

২। দৃশ্য-১: চট্টগ্রামের খাতুনগঞ্জ দেশের বৃহত্তম পাইকারি বাজার। গত ১৫/০৬/১৮ তারিখ প্রবল বৃষ্টিপাতে শহরে জলাবদ্ধতার সৃষ্টি হয়। তাছাড়া ভাল গুদাম ঘর না থাকায় জিনিষপত্র নষ্ট হয়ে যায়। রাস্তাগুলো সরু হওয়ায় ঠিকমত ট্রাক ভিতরে প্রবেশ করতে পারে না। কিন্তু একটি উন্নত সভ্যতা কয়েক হাজার বছর পূর্বে এই সমস্যার সমাধান বের করেছে।

দৃশ্য-২: মৌলভিবাজার প্রতি বছর বন্যার পানিতে ফসলি জমি তলিয়ে যায়। এতে কৃষকদের সাময়িক ক্ষতি হলেও বন্যার পানি সরে গেলে পলিমাটি পড়ে জমি উর্বর হত। ফলে কৃষকরা নানা ধরনের ফসল জন্মাতো । এর ফলে এই অঞ্চল সমৃদ্ধি লাভ করে।

ক) হায়ারোগ্লিফিক কি? ১

খ) রোম নগরী কিভাবে প্রতিষ্ঠা লাভ করে ? ২

গ) খাতুনগঞ্জ এর সমস্যা সমাধানে আমরা ইতিহাসের কোন সভ্যতা থেকে শিক্ষা গ্রহণ করতে পারি? তোমার পাঠ্যবই এর আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) দৃশ্য-২: এর সাথে পাঠ্যবইয়ের কোন সভ্যতার বিকাশের সাথে সাদৃশ্য আছে –বিশ্লেষণ কর । ৪

৩। মমিন সাহেব দার্শনিক এবং রহিম সাহেব সাহিত্যিক। মমিন সাহেব শিক্ষার্থীদের সৎ নাগরিক এবং অন্যায়ের প্রতিবাদ করার শিক্ষা দেন। তিনি ছাত্রদের মধ্যে বেশ জনপ্রিয় এবং কয়েক জন বিখ্যাত দার্শনিক তার ছাত্র ছিল। অপরদিকে রহিম সাহেব সাহিত্য চর্চায় তার অবদান আছে। তিনি অনেকগুলো নাটক লেখেন। তার নাটকের মধ্যে মিলনাত্মক ও ব্যঙ্গাত্মক ভাব রয়েছে।

ক) আইনের ক্ষেত্রে কোন সভ্যতার অবদান বেশী? ১

খ) ত্রয়ী শাসন বেশী দিন স্থায়ী হয়নি কেন? ২

গ) মমিন সাহেবের সাথে কোন সভ্যতার দার্শনিকদের মিল পাওয়া যায়? -ব্যাখ্যা কর। ৩

ঘ) রহিম সাহেবের সাহিত্য চর্চার সাথে উক্ত সভ্যতার লেখকদের সাহিত্য চর্চার তুলনামূলক আলোচনা কর। ৪

৪। দৃশ্য-১:মেহেদি তার বোনের বাড়ি কুমিল্লায় বেড়াতে যান। সেখানে গিয়ে সে জানতে পারে এক সময় এখানে একটি রাজ বংশের রাজধানী ছিল।সে একটি বৌদ্ধ বিহারও দেখতে পায়। যা ইতিহাসের অমূল্য সম্পদ।

দৃশ্য-২: চৈতি গরমের ছুটিতে ভারতের মুর্শিদাবাদ জেলায় বেড়াতে যায়। সেখানে গিয়ে সে জানতে পারে যে এই জেলাতেই প্রাচীন বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজার রাজধানী ছিল।

ক) জনপদ কি ? ১

খ) বাঙালী জাতির উৎপত্তি ঘটেছে কি ভাবে? ২

গ) দৃশ্য-১:মেহেদীর দেখা জনপদটি প্রাচীন কোন জনপদের অন্তর্গত ? ব্যাখ্যা কর। ৩

ঘ) দৃশ্য-২: চৈতির দেখা জনপদের রাজার রাজনৈতিক ইতিহাস বিশ্লেষণ কর। ৪

৫। পদ্মার চরে প্রচুর জমি জেগে ওঠায় সেখানে জমি দখলের মহোৎসব চলে। প্রভাশালীরা ইচ্ছা মত অন্যের জমি দখল করে নেয়। প্রকৃত পক্ষে সেখানে কোন একক পক্ষ বা নিয়ন্ত্রক না থাকায় এ অবস্থার সৃষ্টি হয়। এমতাবস্থায় সোহেল নামক একজন ব্যক্তিকে সেখানের লোকজন প্রশাসক নিযুক্ত করেন। তিনি সমস্ত অনাচার দূর করে পদ্মার চরে শান্তি ফিরিয়ে আনেন।

ক) গঙ্গারিডই জাতির বাসস্থান কোথায় ছিল ? ১

খ) ‘ত্রিশক্তি সংঘর্ষ’ বলতে কি বুঝ? ২

গ) পদ্মার চরের অবস্থা ইতিহাসের কোন ঘটনাকে সমর্থন করে? যুক্তি সহকারে ব্যাখ্যা কর। ৩

ঘ) সোহেল সাহেবের সাথে ইতিহাসের কোন রাজার সাদৃশ্য আছে- তোমার পাঠ্যবইয়ের আলোকে তার কৃতিত্ব মূল্যায়ন কর । ৪

৬। আমিন সাহেব দক্ষিণ ভারত থেকে এসে যশোরে বসবাস শুরু করেন এবং অনেক জমির মালিক হন। কিন্তু তিনি জমিদার নামে পরিচিতি লাভ করেননি। জমিদার বলা হয় তার পুত্র শফিক সাহেবকে। এই ভাবে কয়েক পুরুষ জমিদারি করার পরে বহিঃআক্রমনে তাদের জমিদারির পতন ঘটে।

ক) মহাসামন্ত কাদেরকে বলা হয় ? ১

খ) কৈবর্ত্য বিদ্রোহ বলতে কি বুঝ? ২

গ) আমিন সাহেবের সাথে ইতিহাসের কোন রাজ বংশের সামঞ্জস্যতা আছে? উক্ত রাজ বংশের প্রতিষ্ঠার বিবরণ দাও। ৩

ঘ) ইতিহাসের উক্ত বংশের শ্রেষ্ঠ রাজার চারিত্রিক বৈশিষ্ট্য মূল্যায়ন কর। ৪

৭। নীলা ও শীলা দুই বান্ধবী একই শ্রেণিতে পড়ে। নীলা ব্রাহ্মণ পরিবারের এবং শীলা শূদ্রের মেয়ে। শীলার বিয়েতে নীলাকে নিমন্ত্রণ করলে নীলা তার বাবার সাথে এসে বিয়েতে অংশ গ্রহণ করলেও খাবারের বেলায় অনিহা প্রকাশ করলো। অন্যদিকে বিয়েতে বরযাত্রীদের জন্য মাছ,মাংস,ঘি,দধি প্রভৃতির সাথে শুটকি মাছের ব্যবস্থা ছিল। পরের দিন পিঠা পুলিরও ব্যবস্থা করে। খাবার শেষে সবাইকে মশলা যুক্ত পান দিত।

ক) বৈদিক ভাষা কী? ১

খ) প্রাচীন বাংলার যাতায়াত ব্যবস্থা কেমন ছিল? ২

গ) নিলার খাবার গ্রহণ না করা পাঠ্য বইয়ের কোন প্রথার সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) ‘শিলার বিয়েতে পরিবেশিত খাবারগুলো বাংলার কোন যুগের খাদ্য তালিকার সাথে মিল আছে ’ বিশ্লেষণ কর। ৪

৮। প্রমিলা দেবীর স্বামী মারা গেলে গ্রামের লোক তাকে স্বামীর চিতায় আত্মাহুতি দেওয়ার জন্য প্রস্তুত করে। কিন্তু গ্রামের কতিপয় শিক্ষিত যুবকদের হস্থক্ষেপে তা ভেস্তে যায়। তাকে নিরামিষ খেয়ে এবং সর্ব প্রকার বিলাস দ্রব্য ত্যাগ করতে হয়। তার স্বামীর সম্পত্তির উপরও তার কোন আধিকার ছিল না।

ক) চর্যাপদ কি? ১

খ) প্রাচীন বাংলার খেলাধুলার কি ব্যবস্থা ছিল ? ২

গ) উদ্দীপকটি প্রাচীন বাংলার কোন ঘটনাকে সমর্থন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রমিলা দেবীর সাথে প্রাচীন যুগের মেয়েদের সামাজিক অবস্থার তুলনামূলক আলোচনা কর। ৪

৯। দৃশ্যপট-১ বকুলপুর একটি অবরুদ্ধ গ্রাম। সেখানে লেখা-পড়া বা বিদ্যা চর্চার বালাই নেই। গণতন্ত্র সেখানে কল্পনা করা যায় না। সমাজপতিরা নিজেদের পদ পদবি রক্ষায় সব সময় ব্যস্ত থাকে সাধারণ জনগণের জন্য তারা কিছু করে না। গরিবদের শোষণ করে এলাকায় ত্রাসের রাজত্ব কায়েম করা তাদের কাজ।মারামারিতে তারা ছিল অগ্রণী ।

দৃশ্যপট-২ শান্তিপুর একটি সমৃদ্ধ জনপদ। সেখানকার শাসন কর্তারা সকলের মতামত নিয়ে যে কোন সিদ্ধান্ত নেয়। প্রশাসকদের একমাত্র চিন্তা এলাকার উন্নয়ন। তারা সেখানে স্কুল-কলেজ সহ বিদ্যা অর্জনের সকল সুবিধা সৃষ্টি করেছেন। বিভিন্ন এলাকা থেকে লোকজন এসে এখানে বসবাস করে এবং অনেক কিছু শিক্ষা নেয়।

ক) পুরোপলীয় যুগ কী? ১

খ) সিন্ধু সভ্যতা কি ভাবে আবিষ্কৃত হয়? ২

গ) দৃশ্যপট-১ এ বকুলপুর গ্রাম তোমার পাঠ্য বইয়ের কোন নগর রাষ্ট্রের প্রতিনিধিত্ব করে-ব্যাখ্যা কর। ৩

ঘ) দৃশ্যপট-১ ও দৃশ্যপট-২ এর এলাকা দুইটি পরস্পর বিপরীতমুখী-পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। হারুন ও বিক্রম রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। এক সময় তারা বিক্রমের গ্রামের বাড়িতে ঘুরতে যায়। সেখানের প্রাকৃতিক সৌন্দর্য তাদের মুগ্ধ করে। বিক্রম নিজের এলাকা নিয়ে গর্ব বোধ করে। এখান থেকেই বাঙালি জাতির সৃষ্টি হয়েছে। দু'টি ভাগে বিভক্ত এ অঞ্চলের সীমা এক সময় বিস্তৃত ছিল। হারুন তার গ্রামের বাড়ির বর্ণনা দিতে গিয়ে বলেন যে, তাদের এলাকা একসময় সমৃদ্ধ অঞ্চল ছিল। এখানে আড়াই হাজার বছরের আগের নিদর্শন পাওয়া গেছে। রৌপ্য মূদ্রা ও মূদ্রা ভান্ডার,বিভিন্ন প্রকার পুতি,মন্ত্রপুত কবজ,লকেট প্রভৃতি এখানে পাওয়া গেছে।

ক) ভুক্তি কি? ১

খ) ‘কৌলীন্য প্রথা’ বলতে কি বোঝ? ২

গ) বিক্রমের বাড়ি প্রাচীন কোন জনপদে অবস্থিত? বর্ণনা কর। ৩

ঘ) ‘হারুনের এলাকা ইতিহাসের জন্য অমূল্য সম্পদ’ বিশ্লেষণ কর। ৪

১১। মেঘলা বিদ্যালয়ের বার্ষিক শিক্ষা সফরে দিনাজপুর জেলার স্বপ্নপুরী যায়। শিক্ষকদের সহযোগিতায় তারা ইতিহাস সমৃদ্ধ একটি দিঘি পরিদর্শন করে। তারা জানতে পারে যে একজন বৌদ্ধ রাজা এটি খনন করেন। তার বংশ প্রায় সাড়ে চারশত বছর এদেশ শাসন করে। বংশের অন্তিম লগ্নে তিনি এর হাল ধরেন এবং দুর্ধর্ষ জাতিদের আক্রমণ থেকে বাংলাকে রক্ষা করেন। বাংলাদেশের বাইরেও তার কীর্তি আছে। যোগ্য উত্তরসুরি না থাকায় তার মৃত্যুর পর আবার এ বংশের পতন শুরু হয়।

ক) ‘ব্রহ্মক্ষত্রিয়’ বলতে কি বোঝ? ১

খ) প্রাচীন বাংলায় গুপ্তদের প্রশাসনিক ব্যবস্থা কিরূপ ছিল? ২

গ) উদ্দীপকে প্রাচীন বাংলার কোন শাসকের প্রতি ইঙ্গিত করা হয়েছে? কিভাবে তিনি নিজ আধিপত্য বিস্তার করেন ? ৩

ঘ) উক্ত শাসক জনহিতকর কাজের মাধ্যমেই অমর হয়ে আছেন-বিশ্লেষণ কর। ৪